



তারিখ : ১৩ ডিসেম্বর ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর শোকবার্তা

বান্দরবান জেলা বিএনপি'র সাবেক আহ্বায়ক ও সাধারণ সম্পাদক প্রবীণ আইনজীবী এডভোকেট কাজী মহতুল হোসাইন যত্ন গতকাল ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন। এডভোকেট কাজী মহতুল হোসাইন যত্ন এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ এক শোকবার্তায় বিএনপি মহাসচিব বলেন, “এডভোকেট কাজী মহতুল হোসাইন যত্ন এর মৃত্যুতে তার শোকাত্ত পরিবারবর্গের প্রতি আমি গভীর সহমর্মিতা জ্ঞাপন করছি। তিনি বান্দরবান জেলা বিএনপি'র একজন নিবেদিতপ্রাণ নেতা হিসেবে নেতাকর্মীদের নিকট সুপরিচিত ছিলেন। তিনি সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর উত্তম এর নীতি ও আদর্শ এবং বাংলাদেশী জাতীয়তাবাদী দর্শনে গভীরভাবে বিশ্বাসী ছিলেন। দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে গণতান্ত্রিক আন্দোলন-সংগ্রামে তিনি সক্রিয় অংশগ্রহণ করেছেন। প্রবীণ আইনজীবী হিসেবে পেশাগত জীবনে তিনি সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন। দোয়া করি-মহান রাব্বুল আলামীন যেন তাকে বেহেস্ত নসীব এবং শোকবিহ্বল পরিবারের সদস্যদেরকে ধৈর্য ধারণের ক্ষমতা দান করেন।”

বিএনপি মহাসচিব শোকবার্তায় এডভোকেট কাজী মহতুল হোসাইন যত্ন এর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকাত্ত পরিবারবর্গ, গুণগ্রাহী ও শুভাকাজীদিদের প্রতি গভীর সমবেদনা জানান।

বার্তা প্রেরক

স্বঃ মুহম্মদ মুনির হোসেন

(মুহম্মদ মুনির হোসেন)

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি